



## ডিজিটাল মেলা ২০২০ এর উদ্বোধনী বক্তব্য

### সুধী, আসসালামু আলাইকুম

করোনা সংক্রমণ পরিস্থিতিকে বিবেচনায় এনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে জেলার ডিজিটাল কার্যক্রমকে জাতীয় তথ্য বাতায়নের মাধ্যমে নাগরিকদের কাছে উপস্থাপনের লক্ষ্যে অনলাইন প্ল্যাটফর্মে ২৭ থেকে ২৯ জুন পর্যন্ত তিন দিন ব্যাপী ডিজিটাল মেলা ২০২০ আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

মুজিব শত বর্ষ উদযাপনের অংশ হিসেবে এ অনলাইন প্ল্যাটফর্মে "মুজিব কর্নার" নামে একটি প্যাভিলিয়ন তৈরী করা হয়েছে।

ডিজিটাল প্রশাসন, কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ, স্বাস্থ্য, যোগাযোগ, ভূমি-ই-পার্চা, ও ই-মিউটেশন, বিআরটিএ, পোস্টাল বিভাগের সার্ভিসসমূহ, ই-পাসপোর্ট এবং অন্যান্য সরকারি সেবার স্বচিত্র তথ্য-উপাত্ত প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

ডিজিটাল সেন্টার এবং পোস্ট ই-সেন্টারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার পুরো প্রক্রিয়াকে এ অনলাইন প্যাভিলিয়নের মাধ্যমে উপস্থাপন করা হয়েছে। ডিজিটাল সেন্টার এবং পোস্ট ই-সেন্টার থেকে যে সকল সেবা দেয়া হয় তার তালিকা এবং সেবামূল্যের তালিকা এ প্যাভিলিয়নের মাধ্যমে জানা যাবে। এজেন্ট ব্যাংকিং এবং ই-কমার্স সেবাকে জনগণের নিকট সহজভাবে উপস্থাপনের মাধ্যমে এ সেবা গ্রহণে সকলকে আহবান জানাচ্ছি।

বিদ্যালয় কার্যক্রম অটোমেশন, অভিভাবকদের নিকট এসএমএস প্রদান, অলাইনে শিক্ষার্থীদের বেতন সংগ্রহ, শিখন-শেখানো কার্যক্রমে অনলাইন পদ্ধতির ব্যবহার প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে।

যুব উন্নয়ন অধিদপ্তর, বিসিক, বিএমইটি, কারিগরী শিক্ষা অধিদপ্তর, পলিটেকনিক ইনস্টিটিউট, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসহ সরকারের বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠানের "দক্ষতা ও কর্মসংস্থান" বিষয়ক ইনোভেটিভ উদ্যোগসমূহ তুলে ধরা হয়েছে।

স্থানীয় পর্যায়ের বিভিন্ন উদ্যোগ, বিভিন্ন স্টার্টআপের বিবরণ, স্থানীয় শিক্ষার্থী এবং তরুন উদ্ভাবকদের উদ্ভাবনী স্থানীয় পর্যায়ে নাগরিক সমস্যা সমাধান নিয়ে বিভিন্ন উদ্যোগ ছবি এবং ভিডিও প্রদর্শন করা হয়েছে।

কোভিড ১৯ এর বিস্তার রোধকল্পে স্বাস্থ্যবিধি মেনে চলুন। জরুরী প্রয়োজনে বাইরে বের হলে অবশ্যই মাস্ক পরিধান করুন এবং বার বার সাবান পানি দিয়ে হাত পরিষ্কার রাখুন। অপরিষ্কার হাত দিয়ে চোখ, মুখ ও নাক স্পর্শ থেকে বিরত থাকুন। বাড়িতে অবস্থান করে ডিজিটাল মেলা উপভোগ করুন।

ডিজিটাল মেলা ২০২০ এর সর্বাঙ্গীন সফলতা কামনা করে এর শুভ উদ্বোধন ঘোষণা করছি।